# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৭৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৮. উযুর অবশিষ্ট পানি এবং উযুর সময় পানি দিয়ে সম্পূর্ণ পা ধৌত করার বর্ণনা

بَابُ مَا رُوِيَ فِي فَضْلِ الْوُضُوءِ ، وَاسْتِيعَابِ جَمِيعِ الْقَدَمِ فِي الْوُضُوءِ بِالْمَاءِ

---

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ الْوَكِيلُ ، نَا الْحَسَنُ بْنُ عَرَفَةَ ، نَا هُشَيْمٌ ، عَنِ الْحَجَّاجِ وَعَبْدِ الْمَلِكِ ، عَنْ عَطَاءٍ ، عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ اللَّيْثِيِّ ؛ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ رَأَى رَجُلًا وَبِظَهْرِ قَدَمِهِ لُمْعَةٌ لَمْ يُصِبْهَا الْمَاءُ ، فَقَالَ لَهُ عُمَرُ : أَبِهَذَا الْوُضُوءِ تَحْضُرُ الصَّلَاةَ ؟ قَالَ : يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ ، الْبَرْدُ شَدِيدٌ ، وَمَا مَعِي مَا يُدْفِينِي ، فَرَقَّ لَهُ بَعْدَ مَا هَمَّ بِهِ ، قَالَ : فَقَالَ لَهُ : اغْسِلْ مَا تَرَكْتَ مِنْ قَدَمِكَ ، وَأَعِدِ الصَّلَاةَ ، وَأَمَرَ لَهُ بِخَمِيصَةٍ

বাংলা

৩৭৮(৮). আহমাদ ইবনে আবদুল্লাহ (রহঃ) ... উবায়েদ ইবনে উমায়ের আল-লায়ছী (রহঃ) থেকে বর্ণিত। উমার ইবনুল খাত্তাব (রাঃ) এক ব্যক্তিকে দেখেন যে, তার পায়ের উপর এক জায়গায় পানি পৌঁছেনি। উমার (রাঃ) তাকে বলেন, তুমি কি এই উযুর দ্বারা নামায পড়েছ? সে বলল, হে আমীরুল মুমিনীন! প্রচণ্ড ঠাণ্ডা পড়েছে। ঠাণ্ডা থেকে আত্মরক্ষার মতো বস্ত্র আমার নেই। তার প্রতি কঠোর মনোভাব থাকা সত্ত্বেও উমার (রাঃ) তার সাথে নম্র ব্যবহার করেন। রাবী বলেন, তিনি তাকে বলেন, তোমার পায়ের শুকনা জায়গাটা ধৌত করো এবং পুনরায় নামায পড়ো। তিনি তাকে একটি চাদর দান করারও নির্দেশ দেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উবায়দ ইবনে উমায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন